



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট

Web: www.sylhetboard.gov.bd, E-mail: chairmanbisesyl@gmail.com



‘সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন (সিটিজেনস চার্টার) ও বাস্তবায়ন কমিটি’র ০৩/১০/২০২১ খ্রি. তারিখের সভার কার্যবিবরণীঃ

অদ্য ০৩/১০/২০২১ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন (সিটিজেনস চার্টার) ও বাস্তবায়ন কমিটি এক সভা কমিটির আহ্বায়ক ও অত্র শিক্ষা বিদ্যালয় পরিদর্শক জনাব মোহাম্মদ মঈনুল ইসলাম এর সভাপতিত্বে বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।

সভায় নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেনঃ

১. জনাব পংকজ মলিক, সহকারী প্রোগ্রামার।
২. জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী বিদ্যালয় পরিদর্শক।
৩. জনাব আজগর আলী কাজী, সেকশন অফিসার (চলতি দায়িত্ব)।
৪. জনাব সব্যসাচী রায়, উচ্চমান সহকারী।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়ে আলাপ আলোচনা হয়।

আলোচ্যসূচি- ১: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে অত্র শিক্ষা বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রতি তিন মাস অন্তর হালনাগাদ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্ত : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে অত্র বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রতি তিন মাস অন্তর হালনাগাদ করার সিদ্ধান্ত গ্রহীত হয়। বোর্ডের বিদ্যমান সেবা প্রদান প্রত্যেক বিভাগীয় প্রধান সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর নির্ধারিত ফরম মোতাবেক স্ব-স্ব দপ্তরের সেবাসমূহ উল্লেখপূর্বক সফটকপিসহ আগামী ০৩/১১/২০২১ খ্রি. তারিখের মধ্যে আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) মহোদয়ের নিকট জমা দিবেন।

আলোচ্যসূচি- ০২ : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর সেবাসমূহ সর্ব সাধারণের অবহিত করার জন্য বোর্ডের প্রধান ফটকে প্রদর্শনের ব্যবস্থাকরণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।






সিদ্ধান্ত : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর সেবাসমূহ সর্ব সাধারণের অবহিত করার জন্য আগামী ০৭/১১/২০২১ খ্রি. তারিখের মধ্যে বোর্ডের প্রধান ফটকে প্রদর্শনের ব্যবস্থা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান

আলোচ্যসূচি- ৩: সেবা প্রদান বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণের সভা আয়োজনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্ত: সেবা প্রদান বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণের ১ম সভাটি আগামী ৩১/১০/২০২১ খ্রি. তারিখের মধ্যে বোর্ডের সভাকক্ষে আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

 সবুসাতী রায় উচ্চমান সহকারী সদস্য সিটিজেন্স চার্টার	 আজগর আলী কাজী সেকশন অফিসার(চ.দা.) সদস্য সিটিজেন্স চার্টার	 মোঃ জাহাঙ্গীর আলম সহঃ বিদ্যালয় পরিদর্শক সদস্য সিটিজেন্স চার্টার	 পংকজ মল্লিক সহকারী প্রোগ্রামার সদস্য সচিব সিটিজেন্স চার্টার	 মোহাম্মদ মঈনুল ইসলাম বিদ্যালয় পরিদর্শক আহ্বায়ক সিটিজেন্স চার্টার
---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------	---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------	----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------	------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------	--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------